গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০১২.২৩.০০৮.২৬.**১২৮**

১৬ কার্তিক ১৪৩৩
তারিখঃ ----------
০১ নভেম্বর ২০২৬

জাতীয় পরিবেশ পদক-২০২৬

পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ, পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার এবং পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবনে অসামান্য অবদানের স্বীকৃতি প্রদানের লক্ষ্যে 'জাতীয় পরিবেশ পদক নীতিমালা, ২০১২' অনুযায়ী যোগ্য ব্যক্তি/প্রতিষ্ঠান থেকে **জাতীয় পরিবেশ পদক-২০২৬** এর আবেদন আহ্বান করা যাচ্ছে। নীতিমালা অনুযায়ী নিম্নোক্ত ক্যাটাগরিসমূহে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে ০৩টি করে মোট ০৬টি জাতীয় পরিবেশ পদক প্রদান করা হবে।

পর্যায়	পদকের শ্রেণি	পুরস্কার	সংখ্যা
(ক) ব্যক্তিগত	(১) পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ	জাতীয় পরিবেশ পদকপ্রাপ্ত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে ২২ (বাইশ) ক্যারেট মানের ২ (দুই) তোলা ওজনের স্বর্ণের বাজার মূল্য ও আরো ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার চেক, ক্রেস্ট এবং সনদপত্র প্রদান করা হবে।	প্রতি ক্ষেত্রে ১ (এক) টি
	(২) পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার		
	(৩) পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন		
(খ) প্রাতিষ্ঠানিক	(১) পরিবেশ সংরক্ষণ ও দূষণ নিয়ন্ত্রণ		
	(২) পরিবেশ বিষয়ক শিক্ষা ও প্রচার		
	(৩) পরিবেশ বিষয়ক গবেষণা ও প্রযুক্তি উদ্ভাবন		

বিজয়ী ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠেয় উদ্বোধনী অনুষ্ঠান অথবা সরকার কর্তৃক নির্ধারিত যেকোনো সুবিধাজনক সময়ে আনুষ্ঠানিকভাবে এ পদক প্রদান করা হবে। বাংলাদেশে পরিবেশ উন্নয়নে অসামান্য এবং অনুসরণীয় অবদান রেখেছেন এমন যেকোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্ত পদকের জন্য আবেদন করতে পারবেন।

এমতপ্রেক্ষিতে, **জাতীয় পরিবেশ পদক-২০২৬** এর জন্য আগ্রহী উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজের অথবা উপযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে নির্ধারিত আবেদন ফরমে আগামী **৩১ জানুয়ারি ২০২৭** তারিখের মধ্যে পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা/বিভাগ/অঞ্চল/মহানগর কার্যালয়ে আবেদনপত্র প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো। আবেদনের নির্ধারিত ফরম পরিবেশ অধিদপ্তরের যেকোনো অফিস বা অধিদপ্তরের ওয়েবসাইট ***www.doe.gov.bd*** থেকে সংগ্রহ করা যাবে।

মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর